অক্টোবর-ডিসেম্বর ২০২১ সংখ্যা

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা



**বিজয়ের উচ্ছ্বাসে আমরা**
**এগিয়ে চলি উন্নয়নের পথে**


**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
আইএসও ৯০০১:২০১৫, আইএসও ১৪০০১:২০১৫, আইএসও ৪৫০০১:২০১৮ সনদপ্রাপ্ত

# এনডব্লিউপিজিসিএল বার্তা

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এর একটি ত্রৈমাসিক প্রকাশনা

অক্টোবর-ডিসেম্বর ২০২১ সংখ্যা


**উপদেষ্টামন্ডলী**

**প্রকৌঃ আবু আহমেদ আখতার হোসেন**
নির্বাহী পরিচালক (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মাসুদুল ইসলাম**
নির্বাহী পরিচালক (অর্থ), এনডব্লিউপিজিসিএল

**প্রকৌঃ মোঃ আব্দুস সামাদ**
নির্বাহী পরিচালক (প্রকৌশল), এনডব্লিউপিজিসিএল

**মোঃ মামুনুর রহমান মন্ডল**
মহাব্যবস্থাপক (মানবসম্পদ ও প্রশাসন), এনডব্লিউপিজিসিএল

**প্রকাশক**

**কোম্পানি সচিবালয়, এনডব্লিউপিজিসিএল**

**সম্পাদক**

**বিমল চন্দ্র রায় এফসিএস**
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

**সমন্বয়ক**

**প্রকৌঃ মুহাম্মদ সাইফুদ্দীন আহসান**
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), এনডব্লিউপিজিসিএল

**সহকারী সম্পাদক**

**আখতার মাহমুদ**
সহকারী ব্যবস্থাপক (জনসংযোগ), এনডব্লিউপিজিসিএল

**নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল)**
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)

ইউটিসি ভবন (৪র্থ তলা), ৮ পান্থপথ,
কাওরান বাজার, ঢাকা-১২১৫
**ফোন:** ৪৮১২২১৮২, ৪৮১২২১১৮, ৯১৪২০৬২
**ই-মেইল :** info@nwpgcl.org.bd
**ওয়েবসাইট:** www.nwpgcl.gov.bd
**ফেইসবুক পেইজ:**
https://www.facebook.com/NWPGCL/


## সম্পাদকীয়

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিতভাবে বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে। এ প্রেক্ষিতে কোম্পানির কর্মকান্ড, সাফল্য, নতুন উদ্যোগ এবং বিভিন্ন অনুষ্ঠানের সংবাদ সম্বলিত একটি ত্রৈমাসিক প্রকাশনা 'এনডব্লিউপিজিসিএল বার্তা' এর দ্বিতীয় সংখ্যা প্রকাশিত হতে যাচ্ছে। এটি কোম্পানির অন্যতম মুখপত্র হিসেবে কোম্পানির সার্বিক চিত্র সকলের নিকট তুলে ধরবে।

বিদ্যুৎ দেশের অর্থনৈতিক উন্নতির মূল চালিকাশক্তি। জিডিপি-এর প্রবৃদ্ধি এবং দেশের ক্রমবর্ধমান অর্থনীতিকে গতিশীল রাখতে টেকসই, নির্ভরযোগ্য এবং সাশ্রয়ী বিদ্যুৎ সরবরাহের প্রয়োজন। বাংলাদেশ সরকার দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণে মিশ্র জ্বালানি (গ্যাস, কয়লা, তরল জ্বালানি, পারমাণবিক শক্তি, নবায়নযোগ্য জ্বালানি) ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ খাতের উন্নয়নের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি কর্মসূচী গ্রহণ করেছে। সরকারের পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান-২০১৬ অনুযায়ী ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মেগাওয়াট, ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মেগাওয়াট এবং ২০৪১ সালের মধ্যে ৬০,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা রয়েছে। সরকারের এই অভীষ্ট লক্ষ্য অর্জনে অংশীজন হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বর্তমান বিশ্ব করোনা মহামারীতে পর্যুদস্ত। এরই ফলাফলে বিশ্বের অর্থনীতি এক বড় চ্যালেঞ্জের মুখোমুখি দাঁড়িয়েছে। আশার সংবাদ হচ্ছে, সারা বিশ্বের অর্থনীতি এক অনাকাঙ্খিত মন্দার মুখোমুখি হলেও বাংলাদেশের অর্থনীতি যথেষ্ট বেগবান। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ সরকারের সহযোগী হিসেবে বাংলাদেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। করোনা মহামারী সত্ত্বেও এনডব্লিউপিজিসিএল সাফল্যের সাথে কাজ করে যাচ্ছে। যে সাফল্য চিত্র বিদ্যুৎ খাত তথা সমগ্র বাংলাদেশের জন্যেই গর্বের বিষয়। 'এনডব্লিউপিজিসিএল বার্তা' নিয়মিতভাবেই কোম্পানির সাফল্যচিত্র জনগণের সামনে তুলে ধরবে। মহান বিজয়ের এ মাসে এনডব্লিউপিজিসিএল বার্তার দ্বিতীয় সংখ্যা প্রকাশের সুযোগ পেয়ে আমরা আনন্দিত ও গর্বিত। সকলকে শুভেচ্ছা।

**সম্পাদক**
বিমল চন্দ্র রায় এফসিএস
কোম্পানি সচিব, এনডব্লিউপিজিসিএল

# স্বাগত বক্তব্য




**প্রকৌঃ এ. এম. খোরশেদুল আলম, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা, এনডব্লিউপিজিসিএল**

মহান বিজয়ের এ মাসে আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বীর শহীদ মুক্তিযোদ্ধাদের। যাদের আত্মত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। আমি অত্যন্ত আনন্দিত যে মহান বিজয়ের এ মাসে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ কর্তৃক ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর দ্বিতীয় সংখ্যা কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ হতে যাচ্ছে। উক্ত প্রকাশনায় কোম্পানির হালনাগাদ কারিগরি এবং অ-কারিগরি তথ্য তুলে ধরা হয়েছে। নিয়মিত কার্যক্রমের পাশাপাশি কোম্পানির অর্জন এবং সাফল্যের চিত্রও জনগণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে। ‘এনডব্লিপিজিসিএল বার্তা’র মাধ্যমে কোম্পানির সকল স্তরের কর্মকর্তা-কর্মচারিগণসহ বিভিন্ন অংশীজন অবাধ তথ্য গ্রহনের মাধ্যমে উপকৃত হবেন। এছাড়া, এ ধরনের কার্যক্রমের ফলে একদিকে যেমন জ্ঞানের ভান্ডার সমৃদ্ধ হবে অন্যদিকে জনগনের নিকট কোম্পানির ভাবমূর্তি উজ্জ্বল হবে। এছাড়া, এ প্রকাশনার ফলে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর অত্র কোম্পানি সম্পর্কে সহজেই প্রয়োজনীয় তথ্য পাবে বলে আশা করি। পরিশেষে, ‘এনডব্লিপিজিসিএল বার্তা’ এর অব্যাহত অগ্রযাত্রা ও সফলতা কামনা করছি।

# সূচীপত্র

কোম্পানি পরিচিতি - ৫

এক নজরে কোম্পানির কার্যক্রম - ৬

বিদ্যুৎ সচিবের পায়রা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন - ৬

বিদ্যুৎ বিভাগের অধীন দপ্তরসমূহের সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতায় পুরস্কার অর্জন - ১০

এনডব্লিউপিজিসিএল এর অধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের মধ্যে সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ- ১১

মুজিব বর্ষে এনডব্লিউপিজিসিএল এর কার্যক্রম - ১৩

বিজয় দিবস ২০২১ উদযাপন - ২০

এনডব্লিউপিজিসিএল এর ১৪তম বার্ষিক সাধারণ সভা উদযাপন -২৩

বিসিআরইসিএল এর ১ম বার্ষিক সাধারণ সভা উদযাপন -২৪

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম - ২৫

ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন ও সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম - ২৮

কর্পোরেট অফিসে অগ্নি-নির্বাপণ মহড়া - ৩৩

# কোম্পানি পরিচিতি




দেশের উত্তর-পশ্চিমাঞ্চলের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ এবং লো-ভোল্টেজ সমস্যা নিরসনকল্পে বিদ্যুৎ খাত সংস্কারের আওতায় কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে গত ২৮-০৮-০৭ ইং তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) গঠিত হয়। সিরাজগঞ্জ ১৫০ মেঃওঃ ও খুলনা ১৫০ মেঃওঃ পিকিং পাওয়ার প্লান্ট নির্মাণ প্রকল্প এবং ভেড়ামারা ৩৬০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন প্রকল্প নিয়ে কোম্পানি প্রাথমিকভাবে যাত্রা শুরু করে। কোম্পানি বিদ্যুৎ উৎপাদন আরম্ভ করে ০৩ নভেম্বর ২০১২ তারিখে। বর্তমানে ০৯ (নয়) টি বিদ্যুৎ কেন্দ্র হতে কোম্পানি জাতীয় গ্রীডে ৩০৬৩ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করছে। অল্প সময়ে কোম্পানির আশাতীত সাফল্য সকল মহলেই প্রশংসিত হয়েছে।

সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত কোম্পানির বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের ক্ষমতা ৩৫৭৮ মেঃওঃ এবং ভবিষ্যত প্রকল্প সমূহের ক্ষমতা ২৮৫৯ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ

৩

গঠিত হবার পর থেকেই বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প বাস্তবায়নে এবং বিদ্যুৎ কেন্দ্র পরিচালন ও সংরক্ষণে অনবদ্য ভূমিকা পালন করে আসছে। আশা করা যায়, ২০৩০ সালের মধ্যে কোম্পানি ৯,৫০০ মেঃওঃ এর উর্ধ্বে বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হবে। এছাড়া, কোম্পানিটি দ্রুততম সময়ে শক্তিশালী ব্রান্ড ইমেজসহ দেশের নেতৃত্বশীল বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থায় পরিগণিত হবে বলেই কোম্পানি আশা করে।

প্রতিষ্ঠানটির বর্তমান চেয়ারম্যান মোঃ হাবিবুর রহমান, সচিব, বিদ্যুৎ বিভাগ এবং কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌশলী এ. এম খোরশেদুল আলম। তাঁদের দৃঢ় ও গতিশীল নেতৃত্বে কোম্পানি এগিয়ে চলছে।

# এক নজরে কোম্পানির কার্যক্রম

## বিদ্যুৎ কেন্দ্রসমূহ

| ক্র. নং | বিদ্যুৎ কেন্দ্রের নাম | জ্বালানি | নেট উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (১ম ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২১৪ | **সিম্পল সাইকেল: নভেম্বর ২০১২<br>কম্বাইন্ড সাইকেল: জুলাই ২০১৪** |
| ২ | খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২৩০ | **সিম্পল সাইকেল:সেপ্টেম্বর ২০১৩<br>কম্বাইন্ড সাইকেল: জুন ২০১৬** |
| ৩ | ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১০ | **সিম্পল সাইকেল: মে ২০১৭<br>কম্বাইন্ড সাইকেল: ডিসেম্বর ২০১৭** |
| ৪ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (২য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **ফেব্রুয়ারী ২০১৮** |
| ৫ | সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৩য় ইউনিট) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ২২০ | **সিম্পল সাইকেলঃ আগস্ট ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: জানুয়ারী ২০১৯** |
| ৬ | মধুমতি ১০০ মেঃওঃ এইএফও চালিত বিদ্যুৎ কেন্দ্র | এইচএফও | ১০৫ | **এপ্রিল ২০১৯** |
| ৭ | সিরাজগঞ্জ ৪০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র (৪র্থ ইউনিট) (যৌথ মালিকানা) | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৪১৪ | **সিম্পল সাইকেলঃ অক্টোবর ২০১৮<br>কম্বাইন্ড সাইকেল: এপ্রিল, ২০১৯** |
| ৮ | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১২৪৪ | **১ম ইউনিটঃ মে, ২০২০<br>২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২০** |
| ৯ | সিরাজগঞ্জ ৭.৬ মেঃওঃ গ্রীড কানেক্টেড ফটোভোল্টায়িক সোলার বিদ্যুৎ কেন্দ্র | --- | ৬ | **২৯ মার্চ ২০২১** |
| | | **বর্তমানে মোট উৎপাদন ক্ষমতা** | **৩০৬৩** | |


## বাস্তবায়নাধীন প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | সম্ভাব্য বাণিজ্যিক উৎপাদনের তারিখ |
|---|---|---|---|---|
| ১. | রূপসা ৮০০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | প্রাকৃতিক গ্যাস/এইচএসডি | ৮৮০ | ১ম ইউনিট: ফেব্রুয়ারী ২০২৩<br>২য় ইউনিট: আগস্ট ২০২৩ |
| ২. | পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (২য় পর্যায়) (যৌথ মালিকানা) | আমদানিকৃত কয়লা | ১৩২০ | ৩য় ইউনিট: মে ২০২৪<br>৪র্থ ইউনিট: জুন ২০২৪ |
| ৩. | পাবনা ৬০ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬০ | জুন, ২০২৩ |
| ৪. | সিরাজগঞ্জ ৬৮ মেঃওঃ সোলার পার্ক প্রকল্প (যৌথ মালিকানা) | -- | ৬৮ | জুন, ২০২৩ |
| ৫. | পায়রা ৫০ মেঃওঃ বায়ু বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প | -- | ৫০ | ডিসেম্বর, ২০২৩ |
| ৬. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (১ম পর্যায়) (যৌথ মালিকানা) | এলএনজি | ১২০০ | ১ম ইউনিটঃ ডিসেম্বর, ২০২৪ |
| | | **মোট ক্ষমতা** | **৩৫৭৮** | |

## ভবিষ্যৎ প্রকল্পসমূহ

| ক্র. নং | প্রকল্পের নাম | জ্বালানি | উৎপাদন ক্ষমতা (মেঃওঃ) | বাণিজ্যিক উৎপাদনের সম্ভাব্য তারিখ |
|---|---|---|---|---|
| ১. | পায়রা এলএনজি টু পাওয়ার প্রকল্প (২য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ২য় ইউনিটঃ ডিসেম্বর, ২০২৭ |
| ২. | পায়রা ৩৬০০ মেঃওঃ এলএনজি টু পাওয়ার প্রকল্প (৩য় পর্যায়) | এলএনজি | ১২০০ | ৩য় ইউনিটঃ ডিসেম্বর, ২০৩০ |
| ৩. | বিষ্যত নবায়নযোগ্য জ্বালানি ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প (এনডব্লিউপিজিসিএল ও যৌথ মালিকানাধীন কোম্পানি) | সোলার/উইন্ড | ৪৫৯ | পরিকল্পনাধীন |
| | | **মোট ক্ষমতা** | **২৮৫৯** | |

## এনডব্লিউপিজিসিএল এর বছর ভিত্তিক বিদ্যুৎ উৎপাদন লক্ষ্যমাত্রা



# বিদ্যুৎ সচিবের পায়রা বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন



পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ বিদ্যুৎ কেন্দ্র হিসেবে দেশের বিদ্যুৎ চাহিদা মেটাতে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করে যাচ্ছে। ডিসেম্বর ২০২০-এ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র (১ম পর্যায়) উৎপাদনে আসে। এর মোট উৎপাদন ক্ষমতা ১২৪৪ মেঃওঃ। নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ এবং চায়না ন্যাশনাল মেশিনারি ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কর্পোরেশন এর যৌথ উদ্যোগে এ বিদ্যুৎ কেন্দ্রটি নির্মিত হয়েছে এবং এর ২য় পর্যায়ের কাজও চলমান রয়েছে। আশা করা যাচ্ছে, এ বিদ্যুৎ কেন্দ্রটির ২য় পর্যায়ের কাজ ২০২৪ সালের মধ্যে শেষ হবে।

গত অক্টোবর ২০২১ এ বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের চেয়ারম্যান জনাব মোঃ হাবিবুর রহমান উক্ত বিদ্যুৎ কেন্দ্রটি পরিদর্শন করেন এবং এর অগ্রগতি বিষয়ে অবহিত হন। তিনি উক্ত বিদ্যুৎ কেন্দ্রে বৃক্ষরোপণ করেন এবং কর্মকর্তাদের নানান দিক-নির্দেশনা প্রদান করেন।




পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগকে শুভেচ্ছা জানানো হচ্ছে



মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রে বৃক্ষরোপণ করছেন



মাননীয় সচিব, বিদ্যুৎ বিভাগ পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্রের কর্মকর্তাবৃন্দের সাথে মত বিনিময় করছেন

# বিদ্যুৎ বিভাগের অধীন দপ্তরসমূহের সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতায় পুরস্কার অর্জন



মুজিববর্ষে বিদ্যুৎ বিভাগের অধীন দপ্তরসমূহের সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতা-২০২১ এর আওতায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড দ্বিতীয় স্থান অর্জন করে। বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব জনাব মোঃ হাবিবুর রহমান, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ এম খোরশেদুল আলম মহোদয়ের হাতে ২৮ ডিসেম্বর ২০২১ তারিখে উক্ত প্রতিযোগিতার পুরস্কার তুলে দেন।

## এনডব্লিউপিজিসিএল এর অধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের মধ্যে সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ



সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতায় বিজয়ী হওয়ায় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলীর হাতে পুরস্কার তুলে দিচ্ছেন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়

মুজিববর্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের বিদ্যুৎকেন্দ্র সমূহের মধ্যে সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অত্র কোম্পানির বিদ্যুৎ কেন্দ্রগুলো বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পরিস্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধনের প্রতিও বিশেষ নজর দিয়ে থাকে। সৌন্দর্যবর্ধন কার্যক্রমকে উৎসাহিত করতে এবং ধারাবাহিকভাবে চলমান রাখতে কোম্পানি কর্তৃপক্ষ একটি প্রতিযোগিতার আয়োজন করে। উক্ত প্রতিযোগিতায় সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র বিজয়ী হয়। তবে অন্যান্য বিদ্যুৎ কেন্দ্রগুলোও সৌন্দর্যবর্ধনের ক্ষেত্রে সর্বাত্মকভাবে সচেষ্ট হওয়ায় বিশেষ পুরস্কার অর্জন করে। কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা প্রকৌঃ এ এম খোরশেদুল আলম বিদ্যুৎ কেন্দ্রসমূহের প্রধান প্রকৌশলী/প্লান্ট ম্যানেজার/প্রতিনিধির হাতে উক্ত প্রতিযোগিতার পুরস্কার তুলে দেন। সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের পক্ষে বিজয়ীর পুরস্কার গ্রহণ করেন প্রধান প্রকৌশলী জনাব মোঃ হারুন অর রশীদ। এছাড়া, ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের পক্ষে প্লান্ট ম্যানেজার (প্রধান প্রকৌশলী) জনাব মোঃ মোশাররফ হোসেন; খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলীর পক্ষে

নির্বাহী প্রকৌশলী মোঃ আবু জাফর সিদ্দিক এবং মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের পক্ষে প্লান্ট ম্যানেজার (নির্বাহী প্রকৌশলী) জনাব আফসানুল তানভীর বিশেষ পুরস্কার গ্রহণ করেন।

উল্লেখ্য, কোম্পানি বিদ্যুৎ বিভাগ আয়োজিত সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতায় দ্বিতীয় পুরস্কার অর্জন করে। বিদ্যুৎ বিভাগ ভেড়ামারা ৪১০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের জন্যে কোম্পানিকে উক্ত পুরস্কার প্রদান করে। ফলে, কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয় কোম্পানির অর্জিত পুরস্কারটি ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী জনাব মোঃ মোশাররফ হোসেনের হাতে তুলে দেন।



বিদ্যুৎ বিভাগ কর্তৃক আয়োজিত সৌন্দর্যবর্ধন প্রতিযোগিতায় অর্জিত পুরস্কার ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের প্লান্ট ম্যানেজার (প্রধান প্রকৌশলী) এর হাতে তুলে দিচ্ছেন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়



বিদ্যুৎ কেন্দ্রের সৌন্দর্যবর্ধনে বিশেষ অবদান রাখায় ভেড়ামারা বিদ্যুৎ কেন্দ্রের প্লান্ট ম্যানেজার (প্রধান প্রকৌশলী) এর হাতে বিশেষ পুরস্কার তুলে দিচ্ছেন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়



বিদ্যুৎ কেন্দ্রের সৌন্দর্যবর্ধনে বিশেষ অবদান রাখায় খুলনা বিদ্যুৎ কেন্দ্রের নির্বাহী প্রকৌশলী প্রধান প্রকৌশলীর পক্ষে প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের হাত থেকে বিশেষ পুরস্কার গ্রহণ করেন



বিদ্যুৎ কেন্দ্রের সৌন্দর্যবর্ধনে বিশেষ অবদান রাখায় মধুমতি বিদ্যুৎ কেন্দ্রের প্লান্ট ম্যানেজার (নির্বাহী প্রকৌশলী) এর হাতে বিশেষ পুরস্কার তুলে দিচ্ছেন প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়

# মুজিব বর্ষে এনডব্লিউপিজিসিএল এর কার্যক্রম



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে বাংলাদেশ সরকার ১৭ মার্চ, ২০২০ থেকে ১৭ মার্চ, ২০২১ তারিখকে ‘মুজিববর্ষ’ হিসেবে পালনের ঘোষণা করেছিল। পরবর্তীতে মুজিববর্ষকে ডিসেম্বও, ২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ২০২০ সালের ১৭ মার্চ এ মহান নেতার জন্মের শতবর্ষ উপলক্ষ্যে বাংলাদেশ সরকার দেশকে এগিয়ে নিতে এবং বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানানোর জন্যে মুজিববর্ষে নানান পরিকল্পনা গ্রহণ করে।

বাংলাদেশ সরকার ও বিদ্যুৎ বিভাগের পাশাপাশি নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল)। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নোক্ত কর্মপরিকল্পনা গ্রহণ করেঃ

১. ২০২০ সনের ১৭ই মার্চ হতে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত ‘সেবা বর্ষ’ হিসেবে পালন করা।
২. ইনোভেশন প্রতিযোগিতার আয়োজন করা।
৩. বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে বিদ্যুৎ কেন্দ্রসমূহে স্থানীয় যুবসমাজকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে Regular Electrician Course ও Industrial Electrician Course এর উপর প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা।
৪. কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান করা।
৫. কোম্পানির সকল দপ্তর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
৬. কর্মকর্তা এবং কর্মচারীদের সক্রিয় অংশগ্রহণে মাধ্যমে সাপ্তাহিক পরিচ্ছন্নতা দিবস পালন করা।
৭. আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহের মধ্যে পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করা।
৮. বিদ্যুৎ কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত উপদেশ সম্বলিত উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ডে প্রচারের ব্যবস্থাকরণ।
৯. কর্মকর্তা-কর্মচারীদের ‘কর্মজীবন উন্নয়ন’ পরিকল্পনা প্রনয়ণ করা।
১০. বঙ্গবন্ধু কর্ণার প্রতিষ্ঠা করা।
১১. বঙ্গবন্ধুর ম্যুরাল স্থাপন।

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ আন্তরিকভাবেই মুজিববর্ষে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট ছিল এবং এ কাজে সফলও হয়েছে।

**মুজিব বর্ষে অত্র কোম্পানির অর্জনসমূহ-**





বঙ্গাবন্ধু কর্ণার, এনডব্লিউপিজিসিএল




বঙ্গাবন্ধু কর্ণার, পায়রা ১৩২০ মেঃওঃ তাপ বিদ্যুৎ কেন্দ্র



ম্যুরাল, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র



ম্যুরাল, খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র



ম্যুরাল, ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র




ম্যুরাল, মধুমতি ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র



পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং সৌন্দর্যবর্ধন কার্যক্রম




মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভেড়ামারা, কুষ্টিয়া-তে ৫ টি অক্সিজেন কনসেনট্রেটর প্রদান




মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে
ডেপুটি কমিশনার, ভেড়ামারা, কুষ্টিয়া-র নিকট ১০ টি High flow Nasal Cannula প্রদান




মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে
বিভাগীয় কমিশনার, রাজশাহী-র নিকট ৫ টি High flow Nasal Cannula প্রদান




মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে
ডেপুটি কমিশনার, সিরাজগঞ্জ এর নিকট ৫ টি অক্সিজেন কনসেনট্রেটর প্রদান





মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
খুলনা ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর পক্ষ থেকে
বিভাগীয় কমিশনার, খুলনা এর নিকট ১০ টি High flow Nasal Cannula প্রদান



মুজিববর্ষে কোভিড-১৯ এ আক্রান্ত জনগণের চিকিৎসা প্রদানের সুবিধার্থে
রূপসা ৮০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র প্রকল্প এর পক্ষ থেকে
খুলনা মেডিকেল কলেজে অক্সিজেন কনসেনট্রেটর প্রদান

# বিজয় দিবস ২০২১ উদযাপন

বিজয়ের সুর্বণ জয়ন্তীতে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (এনডব্লিউপিজিসিএল) আনন্দ-উদ্দীপনার সাথে বিজয় দিবস উদযাপন করেছে। যথাযোগ্য মর্যাদায় বিজয় দিবস উদযাপনের জন্য এনডব্লিউপিজিসিএল নানান কর্মপরিকল্পনা গ্রহণ করে, যথা- সকল বিদ্যুৎ কেন্দ্র দপ্তরের সম্মুখে জাতীয় পতাকা (নতুন ও সঠিক মাপের) উত্তোলন করা, বিজয় দিবস উপলক্ষ্যে দপ্তরসমূহে ব্যানার টাঙানো, আওতাধীন বিদ্যুৎ কেন্দ্রসমূহে সপ্তাহব্যাপী আলোকসজ্জার ব্যবস্থা করা, মহান বিজয় দিবস যথাযথভাবে পালনের উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগ, বিজ্বাখস মন্ত্রণালয় এবং স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত কার্যক্রমে অংশগ্রহণ করা ইত্যাদি।




বিজয় দিবস উদযাপন উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি  লিমিটেডের কর্পোরেট অফিসে আলোকসজ্জা



বিজয় দিবস উদযাপন উপলক্ষে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি  লিমিটেডের কর্পোরেট অফিসে অনুষ্ঠিত দোয়া মাহফিল









খুলনা ২২৫ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে বিজয় দিবস উদযাপন





সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রে বিজয় দিবস উপলক্ষে আলোকসজ্জা



ভেড়ামারা ৪১০ মেঃওঃ সিসিপিপি বিদ্যুৎ কেন্দ্রের পক্ষ থেকে বিজয় দিবস উদযাপন

# এনডব্লিউপিজিসিএল এর ১৪তম বার্ষিক সাধারণ সভা উদযাপন

গত ২৩ ডিসেম্বর, ২০২১ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এর ১৪তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকমন্ডলী এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। মাননীয় বিদ্যুৎ সচিব, জনাব মোঃ হাবিবুর রহমান কেক কেটে ১৪তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন। উক্ত সভায় কোম্পানির পক্ষ থেকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডকে ৬০ (ষাট) কোটি টাকার চেক প্রদান করা হয়। মাননীয় শেয়ারহোল্ডারগণ ও পরিচালকমন্ডলী কোম্পানির অগ্রগতিতে সন্তুষ্টি প্রকাশ করেন এবং ভবিষ্যতেও উন্নতির ধারা অব্যাহত রাখতে কোম্পানি কর্তৃপক্ষকে অনুরোধ করেন।



কেক কেটে ১৪তম বার্ষিক সাধারণ সভার শুভ উদ্বোধন ঘোষণা



বিপিডিবি-কে ডিভিডেন্ট চেক প্রদান


১৪তম বার্ষিক সাধারণ সভা

# বিসিআরইসিএল এর ১ম বার্ষিক সাধারণ সভা উদযাপন

গত ২৭ ডিসেম্বর, ২০২১ তারিখে নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ (এনডব্লিউপিজিসিএল) এবং চায়না ন্যাশনাল মেশিনারি এক্সপোর্ট এন্ড ইমপোর্ট এর যৌথ উদ্যোগে গঠিত বাংলাদেশ-চায়না রিনিউএবল এনার্জি কোম্পানি (প্রাইভেট) লিমিটেড (বিসিআরইসিএল) এর ১ম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডার, পরিচালকমন্ডলী এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিসিআরইসিএল এর সম্মানিত শেয়ারহোল্ডারগণ এবং পরিচালকমন্ডলী আশা ব্যক্ত করেন, ভবিষ্যতে নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধির মাধ্যমে কোম্পানিটি দেশের পরিবেশের উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করবে। উল্লেখ্য, উক্ত অনুষ্ঠান ভার্চুয়াল প্লাটফর্মের মাধ্যমে এনডব্লিউপিজিসিএল এর বোর্ডরুম হতে পরিচালিত হয়।



বিসিআরইসিএল এর ১ম বার্ষিক সাধারণ সভা



## সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গুরুত্বপূর্ণ সংরক্ষণ কার্যক্রম

### গ্যাস টারবাইনের মেজর অভারহোল

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর আওতাধীন সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টার্বাইনের বিভিন্ন সংরক্ষণ কাজ সম্পন্নের জন্য নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড ও গ্যাস টারবাইনটির প্রস্তুতকারক, SIEMENS-এর মধ্যে একটি Long Term Service Agreement (LTSA) রয়েছে। উক্ত LTSA-এর আওতায় ইউনিটটির গ্যাস টারবাইনের প্রথম Major Overhaul গত ২৫/১০/২০২১ ইং তারিখ থেকে শুরু হয়। বর্নিত Major Overhaul-এ গ্যাস টারবাইনটির বিভিন্ন গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ Dismantle করা হয় এবং Major Overhaul-এর Scope of Work অনুযায়ী সকল সংরক্ষণ কাজ সম্পন্ন করতঃ পুনরায় Install করা হয়। আলোচ্য Major Overhaul-টি সফলভাবে সম্পন্ন হয়েছে এবং গত ০৭/১২/২০২১ ইং তারিখ থেকে ইউনিটটি জাতীয় গ্রিডের চাহিদা অনুযায়ী নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করছে।

সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টারবাইনের প্রথম Major Overhaul-এর সময়কার কিছু স্থিরচিত্র-



*চিত্র 1: গ্যাস টারবাইনের খোলার পরে Combustion Chamber ও lower Casing-এর চিত্র*



*চিত্র 2: গ্যাস টারবাইনের Rotor উত্তোলনের স্থিরচিত্র*



*চিত্র 3: টারবাইনের ১ম ও ২য় ধাপের নতুন Blade লাগানোর পর Rotor-এর ছবি*




*চিত্র 4: Burner Casing Prepration*



*চিত্র 5: GT Rotor-এর Turbine Wheel*



*চিত্র 6: ১ম ও ২য় ধাপের নতুন Vane লাগানোর পরের ছবি*



*চিত্র 7: গ্যাস টারবাইনের অভারহলিং এর শেষেরদিকে Rotor বসানোর স্থিরচিত্র*

### গ্যাস টারবাইন জেনারেটর ইন্সপেকশনঃ


সিরাজগঞ্জ ২২৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের (ইউনিট-১) গ্যাস টারবাইন জেনারেটরের Intermediate Inspection গত নভেম্বর-২১ ইং মাসে OEM প্রতিষ্ঠান, SIEMENS-এর মাধ্যমে সম্পন্ন হয়েছে। উক্ত Inspection-এর কিছু স্থিরচিত্র এতদ্‌সাথ সংযুক্ত করা হলোঃ



*চিত্র 8: গ্যাস টারবাইন জেনারেটরের Rear End Enclosure উত্তোলন করার স্থিরচিত্র*



*চিত্র 9: জেনারেটরের বিয়ারিং-এর উপরের অংশ উত্তোলন করার স্থিরচিত্র*



*চিত্র 10: জেনারেটর Stator Winding ইন্সপেকশনের স্থিরচিত্র*



*চিত্র 11: জেনারেটর Protection Relay-এর অভ্যন্তরীণ ব্যাটারি প্রতিস্থাপনের চিত্র*




*চিত্র 12: জেনারেটর বিয়ারিং-এর Clearance পরিমাপ করার সময়কার চিত্র*



*চিত্র 13:জেনারেটর Terminal ইন্সপেকশন করার স্থিরচিত্র*

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেডের সাথে Marubeni Power Systems Corporation-এর LTSA (Long Term Service Agreement) চুক্তি অনুযায়ী ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের জন্য Planned Maintenance-এর অংশ হিসেবে OEM (Original Equipment Manufacturer)-MHI (Mitsubishi Heavy Industries Ltd.)-এর উপস্থিতিতে গত ২৬ নভেম্বর ২০২১ ইং হতে ০৫ ডিসেম্বর ২০২১ ইং পর্যন্ত Gas Turbine-এর Combustor Inspection (CI) সফলভাবে সম্পন্ন করা হয়। নিম্নে Combustor Inspection (CI)-এর কার্যক্রমের কিছু আলোকচিত্র তুলে ধরা হলো।











Combustor Inspection (CI) চলাকালীন গত ২৬ নভেম্বর ২০২১ ইং হতে ০৪ ডিসেম্বর ২০২১ ইং পর্যন্ত বিদ্যুৎ কেন্দ্রের Cooling Water (CW) Pump-A-এর সম্পূর্ণ Overhauling সফলভাবে সম্পন্ন করা হয়। Cooling Water (CW) Pump-এর Overhauling কার্যক্রমের কিছু আলোকচিত্র -














এছাড়াও Gas Turbine-এর Combustor Inspection (CI) চলাকালীন Cooling Tower Basin ও CW Forebay Cleaning, HRSG-এর Reheater Attemperator modification, GBC (Gas Booster Compressor)-এর Seal Gas inlet line modification সহ BOP system-এর বিভিন্ন সংরক্ষণ কাজ সম্পন্ন করা হয়। সংরক্ষণ কাজের সফল সমাপনান্তে গত ০৮/১২/২০২১ ইং হতে ভেড়ামারা ৪১০ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ করে আসছে।

# কর্পোরেট অফিসে অগ্নি-নির্বাপণ মহড়া

কোম্পানির কেপিআই নিরাপত্তা পরিকল্পনার আওতায় বিদ্যুৎ কেন্দ্র সমূহের অগ্নিঝুঁকি হ্রাসকল্পে নিয়মিত অগ্নি-নির্বাপণী ব্যবস্থাসমূহের (ফায়ার এক্সটিংগুইশার, হোজ পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি) কার্যকারিতা যাচাই করতঃ প্রতিমাসে অগ্নি-নির্বাপণী মহড়ার আয়োজন করা হয়।

**কর্পোরেট অফিসে আয়োজিত অগ্নি-নির্বাপণী মহড়ার কিছু ছবি**



